**রেজিস্টার্ড নং ডি এ-১** **“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, ফেব্রুয়ারি ২৮, ২০২১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**নারী ও শিশুশ্রম শাখা**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ : ৭ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/২১ জানুয়ারি ২০২১ খ্রিঃ

নং **৪০.০০.০০০০.০৪৩.২৭.০০১.১৮-০২**—জাতীয় শিশুশ্রম নিরসন নীতি-২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনার সংস্থান মোতাবেক বাংলাদেশের প্রতিটি উপজেলায় নিম্নরূপ “উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (UCLMC) পুর্নগঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ২. | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ৩. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৫. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | সদস্য |
| ১০. | পৌরসভা মেয়র মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ১১. | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) | সদস্য |


**মূল্য :** টাকা ৪.০০

| | | |
|---|---|---|
| ১২. | সভাপতি উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি | সদস্য |
| ১৩. | সভাপতি উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি | সদস্য |
| ১৪. | সভাপতি স্থানীয় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ | সদস্য |
| ১৫. | শ্রমিক সংগঠনের প্রতিনিধি (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৬. | স্থানীয় সংসদ সদস্য কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ১৭. | উপ-মহাপরিদর্শক/সহকারী মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সদস্য |
| ১৮. | উপ-পরিচালক/সহকারী পরিচালক, শ্রম অধিদপ্তর | সদস্য |
| ১৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য-সচিব |

উপজেলা  মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

পরিষদের কার্যপরিধি :

১) উপজেলা পর্যায়ে জাতীয় শিশুশ্রম নিরসন নীতি-২০১০ বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নে সহায়তা, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন;

২) শিশুশ্রম পরিস্থিতির তথ্য সংগ্রহ ও জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি' তে নিয়মিত প্রতিবেদন প্রেরণ;

৩) শিশুশ্রম নিরসনের লক্ষ্যে নীতি, কৌশল ও কর্মসূচি গ্রহণ এবং বাজেট বরাদ্দের লক্ষ্যে জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি' তে সুপারিশ প্রেরণ;

৪) শিশুশ্রম সম্পর্কিত তথ্য উপাত্ত সংগ্রহ ও ব্যবস্থাপনা;

৫) প্রয়োজনে কমিটি প্রতিনিধি কো-অপ্ট করতে পারবে;

৬) কমিটি ৩ (তিন) মাস অন্তর অন্তর সভায় মিলিত হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মীর মোশারেফ হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব),  বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd